

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৫৩০

পর্ব-১৬: কিসাস (প্রতিশোধ) (کتاب القصاص)

পরিচ্ছেদঃ ২, দ্বিতীয় অনুচ্ছেদ - যে সব অপরাধের ক্ষতিপূরণ (জরিমানা) নেই

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ

رَضِيَ اللَّهُ عَنْهُمَا عَنِ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: لِجَهَنَّمَ سَبْعَةُ أَبْوَابٍ: بَابٌ مِنْهَا لِمَنْ سَلَّ السَّيْفَ عَلَى أُمَّتِي أَوْ قَالَ: عَلَى أُمَّةِ مُحَمَّدٍ . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَريبٌ

وَحَدِيثُ أَبِي هُرَيْرَةَ: «الرِّجْلُ جُبَارٌ» ذُكِرَ فِي «بَابِ الْغَضَب» هَذَا الْبَابِ خَال من الْفَصْل التَّالِث

বাংলা

৩৫৩০-[২১] ইবনু 'উমার (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন। তিনি বলেন, জাহান্নামের সাতিটি দরজা রয়েছে- তন্মধ্যে একটি দরজা সে সমস্ত লোকের জন্য যারা আমার উম্মাতের ওপর অথবা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উম্মাতের ওপর অন্যায়ভাবে তরবারি উঠিয়েছে। (তিরমিযী; তিনি বলেছেন, হাদীসটি গরীব)[1]

আর আবৃ হুরায়রাহ্ (রাঃ)-এর হাদীসে 'জন্তু-জানোয়ারের আঘাতে মারা গেলে ক্ষতিপূরণ নেই' প্রসঙ্গে গযব (রাগ) অনুচ্ছেদে বর্ণিত হয়েছে।

ফুটনোট

[1] য'ঈফ : তিরমিয়ী ৩১২৩, য'ঈফ আল জামি' ৪৬৬১। কারণ জুনায়দ ইবনু উমার হতে মুরসাল সূত্রে হাদীস বর্ণনা করেন।



বিঃ দ্রঃ (وَهٰذَا الْبَابُ خَالِ مِنَ الْفَصْلُ التَّالِث) এ অধ্যায়ে তৃতীয় অনুচ্ছেদ নেই।

ব্যাখ্যা

ব্যাখ্যা: السل এর অর্থ কোনো জিনিসকে ছিনিয়ে নেয়া এবং স্বাচ্ছন্দে বের করা।

উম্মাতের বিরুদ্ধে তরবারি কোষমুক্ত করা অর্থাৎ তাদের ওপর আক্রমণ করা।

ইমাম তিরমিয়ী এ হাদীসকে আল্লাহ তা'আলার বাণী مُفْسُومٌ جُزْءٌ مَفْسُومٌ 'তার সাতটা দরজা আছে, প্রত্যেক দরজার জন্য তাদের মধ্যে শ্রেণী নির্দিষ্ট আছে"- (সূরা আল হিজর ১৫ : 88) এর ব্যাখ্যায় বর্ণনা করেন। (তুহফাতুল আহওয়ায়ী ৮ম খন্ড, হাঃ ৩১২৩)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন